# ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর হালনাগাদকৃত তথ্যাদি প্রেরণ।

বিভাগের নাম: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আওতাধীন সংস্থার নাম: বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)
প্রতিবেদনাধীন বছর: ২০২২-২০২৩
প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ২৪/০৮/২০২৩

## বিএসসিএল এর পরিচিতি:

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে "বঙ্গবন্ধু স্যাটেলাইট-১" এক অনন্য মাইল ফলক। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ এর ঐকান্তিক প্রচেষ্টা ও নির্দেশনায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর ব্যবস্থাপনায় আমেরিকান সময় ১১ মে ২০১৮ তারিখে দুপুর ৪:১৪ মিনিটে (বাংলাদেশ সময় ১১ মে দিবাগত রাত অর্থাৎ ১২ মে রাত ২:১৪ মিনিটে) সফলভাবে স্যাটেলাইটটি উৎক্ষেপিত হয়।

উৎক্ষেপণের পর স্যাটেলাইটটি কারিগরি ও বাণিজ্যিকভাবে পরিচালনা, স্যাটেলাইট সেবার প্রসার এবং স্যাটেলাইট সেবা খাতে দক্ষ জনবল সৃষ্টির উদ্দেশ্যে ০৩ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ পরিচালনার জন্য Bangladesh Communication Satellite Company Limited (BCSCL) গঠনের অনুমোদন প্রদান করা হয়। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি এন্ড ফার্মস-এর নিকট থেকে ১০ আগস্ট ২০১৭ তারিখে BCSCL নিবন্ধন গ্রহণ করে। প্রাথমিকভাবে Bangladesh Communication Satellite Company Limited (BCSCL) নামে পরিচালিত হলেও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিবেচনায় Bangladesh Satellite Company Limited (BSCL) হিসেবে নতুন নামকরণ করা হয়। কোম্পানির চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ-এর সুদক্ষ নেতৃত্বে বিএসসিএল পরিচালিত হচ্ছে।

## ০১। প্রতিবেদনাধীন (২০২২-২০২৩) অর্থবছরের জন্য বিএসসিএল উল্লেখযোগ্য তথ্যাদি:

- বর্তমানে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১) এর সি ব্যান্ডের ১৪ টি ট্রান্সপন্ডারের সবগুলো ট্রান্সপন্ডারই বিক্রির জন্য চুক্তি হয়েছে।
- বর্তমানে বিএস-১ এর কেইউ ব্যান্ডের ট্রান্সপন্ডারের সক্ষমতার প্রায় ৩৪% বিক্রি হয়েছে। অবশিষ্ট ব্যান্ডউইথ বিক্রির জন্য দেশে বিদেশে বিপণনের কাজ চলমান রয়েছে।
- ০৪টি সরকারী ও ০৩টি বেসরকারি প্রতিষ্ঠানের সাথে ভিস্যাট সেবা সংক্রান্ত বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা গ্রহণের জন্য দেশের অন্যতম ভিস্যাট অপারেটর "স্কয়ার ইনফরমেটিক্স লিমিটেড" বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড-এর সাথে বানিজ্যিক চুক্তি স্বাক্ষর করেছে।
- ২০২২ সালের ৬ সেপ্টেম্বর বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উপস্থিতিতে বিএসসিএল-এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ "Cooperation in the Areas of Space Technology" শীর্ষক সমঝোতা স্মারক স্বাক্ষর করেন।
- Aircom Media Limited-এর সাথে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সি ব্যান্ডের ৬টি ট্রান্সপন্ডার বিক্রয়ের চুক্তি হয়েছে। এর মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতিপ্রাপ্ত বিদেশি টিভি চ্যানেলগুলো বিএস-১ এর মাধ্যমে সম্প্রচারিত হবে। এই ব্যবস্থাপনায় Zee Network-এর ২ টিচ্যানেল সম্প্রচারিত হচ্ছে; অবশিষ্ট ব্যান্ডউইথ ধাপে ধাপে ব্যবহৃত হবে।
- Beximco Digital Distribution Limited-এর সাথে জনপ্রিয় বিদেশি চ্যানেল Star এর ০৮ টি চ্যানেল সম্প্রচারের লক্ষ্যে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কেইউ ব্যান্ডের প্রায় ৪০%-৪৫% সক্ষমতা বিদেশে বিক্রি করার লক্ষ্যে আন্তর্জাতিক বাজারে বিএস-১ এর তরঙ্গ মূল্য সমন্বয় করা হয়েছে।
- বিদেশের বাজারে বিএস-১-এর ক্যাপাসিটি বিক্রয়ের জন্য বেশ কয়েকটি প্রতিষ্ঠানকে সেলস এজেন্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।
- বাংলাদেশী টিভি চ্যানেলসমূহকে বিএস-১ এর কাভারেজভুক্ত এরিয়ার বাহিরে বিদেশে সম্প্রচারের নিমিত্ত Palki Entertainment LLC এবং "IQ Broadcast Limited" (Represented by Connect Bangla Limited)-এর সাথে Over-the-top (OTT) সেবা সংক্রান্ত বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- Interntional Telecommunications Satellite Organization (ITSO) এ বিএসসিএল এর সদস্যপদ লাভ।
- বিএসসিএল ডিজিটাল বাংলাদেশ মেলা ২০২৩ এ অংশগ্রহণ করেছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর উৎক্ষেপণ কার্যক্রমের অগ্রগতি।
- Television Rating Point (TRP) সিস্টেম বাস্তবায়নে উল্লেখযোগ্য অগ্রগতি
- সকল গ্রাহক প্রতিষ্ঠান হতে নিয়মিত বিল আদায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- জনবল নিয়োগ ও প্রশিক্ষণের মাধ্যমে জনবলের উন্নয়ন

## ০২। সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির আলোকে গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন/অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি

- **বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ -এর সর্বশেষ অগ্রগতিঃ**

বিএসসিএল দেশের পরবর্তী স্যাটেলাইট (বঙ্গবন্ধু স্যাটেলাইট-২)-এর ধরণ ও প্রকৃতি নির্ধারণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে ফ্রান্সের PricewaterhouseCoopers Advisory, SAS (PwC)- কে নিয়োগ প্রদান করা হয়। PwC এর সাথে স্বাক্ষরকৃত চুক্তির শর্ত অনুযায়ী ৩ (তিন) মাসের এই কাজ শেষে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট-২-এর ধরণ ও প্রকৃতি নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ সরকার ইতোমধ্যে G2G পদ্ধতিতে রাশিয়া থেকে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর উৎপাদন এবং উৎক্ষেপণ কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারের নির্দেশনা অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎপাদন এবং উৎক্ষেপণ-এর বিষয়ে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এবং রাশিয়ান জয়েন্ট স্টক কোম্পানি, গ্লাভকসমস এর মধ্যে গত ০২ ফেব্রুয়ারী, ২০২২ তারিখে একটি Memorandum of Collaboration (MoC) স্বাক্ষরিত হয়েছে।

গত ০৩ মার্চ, ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ বিষয়ক মাননীয় উপদেষ্টা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব, রাশিয়ায় নিযুক্ত বাংলাদেশি মহামান্য রাষ্ট্রদূত, বিএসসিএল এর সম্মানিত চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বিএসসিএল এর ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ও বিএসসিএল এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' এর অগ্রগতি বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায়, 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' -এর টেকনিক্যাল স্পেসিফিকেশন পর্যালোচনাপূর্বক বেশকিছু সিদ্ধান্ত গৃহীত হয়।

উপর্যুক্ত MoC-এর প্রেক্ষিতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর মৌলিক কারিগরি বিনির্দেশ প্রস্তুতের বিষয়ে বিএসসিএল এবং গ্লাভকসমস এর মধ্যে অনুষ্ঠিত সভাসমূহে আলোচনা ও পর্যালোচনার মাধ্যমে মৌলিক কারিগরি বিনির্দেশ চূড়ান্ত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে আর্থিক চুক্তি সম্পাদনের লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ গত ০৩ এপ্রিল ২০২৩ তারিখে রাশিয়ান ফেডারেশন হতে রাষ্ট্রীয় ঋণের চাহিদার বিষয়টি উল্লেখ করে একটি তাগাদা পত্র দিয়েছে।

বর্তমানে বিএসসিএল বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ প্রকল্পের ডিপিপি প্রস্তুত করার কার্যক্রম শুরু করেছে। চূড়ান্ত ডিপিপি তৈরি ও মন্ত্রণালয়ের অনুমোদনের প্রক্রিয়া সম্পন্ন হলে সরকারের পরবর্তী নির্দেশনা মোতাবেক স্যাটেলাইট নির্মাণ ও উৎক্ষেপণের পরবর্তী উদ্যোগ গ্রহণ করা হবে।



রাশিয়ায় অনুষ্ঠিত "Bangladesh Satellite Company Limited (BSCL) এবং Russian Joint Stock Company Glavkosmos" এর মধ্যকার "Construction & Launching Bangabandhu Satellite-2" বিষয়ক দ্বিপাক্ষিক সভা

## ০৩। বিএসসিএল এরমিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রম

- স্যাটেলাইট প্রযুক্তি নির্ভর যোগাযোগ সেবায় দেশকে স্বনির্ভর করার জন্য ডিজিটাল প্রযুক্তির বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয়েছে এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ এর উৎক্ষেপণ কার্যক্রম চলমান রয়েছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবার পরিসর সম্প্রসারণে ভলিউম বেইসড মুল্য প্রণয়ন ও বিপণনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- স্যাটেলাইট সংশ্লিষ্ট নতুন নতুন সেবা বিক্রয় ও বিপণনের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- বিদেশী বাজারে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবার পরিসর সম্প্রসারণের জন্য কয়েকটি প্রতিষ্ঠানকে সেলস এজেন্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।
- বিএসসিএল দেশের চিহ্নিত গ্রাহকদের প্রায় সকলকে সেবার আওতায় নিয়ে এসেছে এবং দেশে-বিদেশে নতুন গ্রাহক সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রেখেছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে।
- জনবলের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিএসসিএল এর কর্মকর্তা-কর্মচারীদের প্রকিউরমেন্ট, পিপিআর-২০০৮, ই-জিপি, ই-নথি, শুদ্ধাচার এবং চাকরি সংক্রান্ত বিভিন্ন ইন-হাউস ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।

## ০৪। উন্নয়ন কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা

- <u>আন্তর্জাতিক বাজারে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সেবা বিপণন কার্যক্রম:</u>

  দেশের বাজারের চাহিদা পূরণের পর বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কেইউ ব্যান্ডের প্রায় ৪০%-৪৫% সক্ষমতা বিদেশে বিক্রি করার লক্ষ্যে আন্তর্জাতিক বাজারে বিএস-১ এর তরঙ্গ মূল্য ইতোমধ্যে সমন্বয় করা হয়েছে। আশা করা যায় আগামী ০১ বছরের মধ্যে ইন্টেলস্যাট, এবিএস গ্লোবাল, এনকম্পাস, প্ল্যানেটকাস্ট, সিংটেল সহ বেশ কিছু বিদেশি প্রতিষ্ঠানের কাছে উল্লেখযোগ্য পরিমাণ ব্যান্ডউইথ বিক্রয় করা সম্ভব হবে।

- <u>VSAT ভিত্তিক সেবার পরিসর বৃদ্ধি:</u>

  বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে ‘পয়েন্ট-টু-পয়েন্ট’ ও ‘পয়েন্ট-টু-মাল্টি পয়েন্ট’ যোগাযোগ সেবা প্রদানের জন্য ডিজিটাল প্রযুক্তির ভি-স্যাট হাব স্থাপন করা হয়েছে যার ফলে দেশের যেকোন প্রান্তে যোগাযোগ স্থাপন করা সম্ভবপর হচ্ছে। VSAT ভিত্তিক সেবার পরিসর বৃদ্ধির জন্য ইতোমধ্যে বিএসসিএল বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তৎমধ্যে উল্লেখযোগ্য হল: বিটিআরসি’র সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নে বিএসসিএল কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ -এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন” প্রকল্পের মাধ্যমে দেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় ৩৪টি ইউনিয়নে ভি-স্যাট নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম চলমান। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে ঐ সকল ইউনিয়নের জনগণ ইউনিয়ন পরিষদের সেবা, চিকিৎসা সেবা, শিক্ষা সেবা সহ দেশের সকল ডিজিটাল সেবা গ্রহণ করতে পারবে এবং প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার সাথে ডিজিটাল বৈষম্য দূরীভূত হবে।

- <u>Over-the-top (OTT) সার্ভিস :</u>

  বিএসসিএল বর্তমানে দুইটি প্রতিষ্ঠানের সাথে Over-the-top (OTT) সার্ভিস নিয়ে কাজ করছে। এই সার্ভিসটির মাধ্যমে বাংলাদেশের সকল টেলিভিশন চ্যানেল বিদেশে (Middle East, Europe, Africa, America, other parts of Asia, etc.) সরাসরি সম্প্রচার করা হবে। ইতিমধ্যে এই কার্যক্রম নিয়ে বেশকিছু টেস্টিং সম্পন্ন হয়েছে এবং প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।

- <u>ITU তে BDSAT ফাইলিং সম্পর্কিত কার্যক্রম:</u>

  International Telecommunication Union (ITU) তে বাংলাদেশের স্যাটেলাইট সংক্রান্ত BDSAT ফাইলিং নিয়ে কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতে BDSAT ফাইলিং নিয়ে বিএসসিএল-এর বেশকিছু কর্মপরিকল্পনা রয়েছে।

- <u>বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মেয়াদ পুর্তির পুর্বে অনুরূপ স্যাটেলাইট উৎক্ষেপণ:</u>

  বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মেয়াদ ১৫ (পনেরো) বছর। এই স্যাটেলাইটের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই অনুরূপ স্যাটেলাইট উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে।

০৫। বিএসসিএল এর কার্যক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদন




প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উপস্থিতিতে মঙ্গলবার (৬ সেপ্টেম্বর, ২০২২) নয়াদিল্লির হায়দ্রাবাদ হাউজে দুই দেশের মধ্যে ৭টি সমঝোতা স্মারক স্বাক্ষর হয় -ফোকাস বাংলা নিউজ

২০২২ সালের ৬ সেপ্টেম্বর বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক বৈঠকের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উপস্থিতিতে ৭টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এর মধ্যে অন্যতম সমঝোতা স্মারক “Cooperation in the Areas of Space Technology” স্বাক্ষর করেন বিএসসিএল-এর চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা ড. শাহজাহান মাহমুদ।



রাশিয়ায় অনুষ্ঠিত "Construction & Launching Bangabandhu Satellite-2" বিষয়ক দ্বিপাক্ষিক সভা




বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর ভি-স্যাট সেবা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর সাথে বানিজ্যিক চুক্তি স্বাক্ষর করেছে।




বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে বিদেশি টেলিভিশন চ্যানেল সম্প্রচারের লক্ষ্যে সম্প্রতি এয়ারকম মিডিয়া লিমিটেড ও যুক্তরাষ্ট্র ভিত্তিক অ্যামিকো ট্রেডিং কর্পোরেশনের সাথে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) একটি চুক্তি স্বাক্ষর করেছে।এই চুক্তির আওতায় বর্তমানে সনি ও জি-এর বেশ কিছু চ্যানেল বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে এবং বিএসসিএল বৈদেশিক মুদ্রায় আয় করছে।

বাংলাদেশ ডিজিটাল মেলা-২০২৩-এ বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)- এর অংশগ্রহণ।

## ০৬। বিএসসিএল এর অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর আওতায় প্রকল্পসমূহঃ**

এ যাবতকালে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর আওতায় Social Obligation Fund (SOF)-এর অর্থায়নে দুই প্রকল্প গ্রহণ করা হয়ঃ

১। “স্যাটেলাইটের মাধ্যমে দ্বীপ এলাকায় টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন প্রকল্প




দেশের প্রত্যন্ত দ্বীপে টেলিযোগাযোগ সেবা পৌঁছে দেবার লক্ষ্যে এই প্রকল্প গ্রহণ করা হয়েছিল, যা সফলভাবে সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের আওতায় ৩১ টি দ্বীপ/ চরের ১১২ টি সাইটে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে এ সকল দ্বীপসমূহে তথ্যপ্রযুক্তি সেবা পৌঁছে দিয়ে উপকূলীয় এলাকার সাথে ডিজিটাল বৈষম্য দূরীভূত হয়েছে।

**২। “বাংলাদেশের প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন প্রকল্প”**-


ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ রুপকল্প বাস্তবায়নে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নে “বাংলাদেশের প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও এলাকায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযগ সংযোগ স্থাপন প্রকল্প” গ্রহণ করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৪.২৪৬৫ কোটি (সংশোধিত ডিপিপি অনুযায়ী) এবং সময়কাল ০১ জুলাই-২০২০ হতে ৩০-জুন-২০২৪।


এই প্রকল্পের আওতায় দুর্গম, প্রত্যন্ত ও উপকূলীয় ৩৪ টি ইউনিয়নে টেলিযোগাযোগ সংযোগ স্থাপিত হবে। হাব ও সংশ্লিষ্ট ইকুইপম্যান্ট ইতোমধ্যে স্থাপিত হয়েছে এবং কার্যকর রয়েছে। অদ্যবধি ১১২ টি সাইট স্থাপনের অনুমতি পাওয়া গিয়েছে। ইতোমধ্যে ১৪ টি সাইটে প্রাথমিক সংযোগ স্থাপিত হয়েছে। ৮৫ টি সাইটের সাইট রেডিনেস সম্পন্ন হয়েছে। সোলার ও নেটওয়ার্ক ইক্যুপমেন্ট সংস্থানের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী অক্টোবর ২০২৩ হতে পূর্নদমে সাইট স্থাপন কার্যক্রম শুরু হবে। ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমুহের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে চলেছে। অদ্যবধি প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ৫৫% এবং আর্থিক অগ্রগতি ২৮.৯%। উক্ত প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হলে ঐ সকল প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার জনগণ ইউনিয়ন পরিষদের সেবা, চিকিৎসা সেবা, শিক্ষা সেবা সহ দেশের সকল ডিজিটাল সেবা গ্রহণ করতে পারবে এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ রুপকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উক্ত প্রকল্প উল্লেখযোগ্য অবদান রাখবে বলে আশা করা যাচ্ছে।




উল্লেখ্য যে, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এর উদ্যোগে অত্র প্রকল্পের কারিগরী ও লজিস্টিক সহায়তায় বন্যা দুর্গত ৩ টি জেলার (সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা) ২৩টি উপজেলায় ৩৬টি সাইটে ভিস্যাট

স্থাপন করা হয়।



৩-৯-২০২৩ ১:২৪:৪
মোঃ শফিকুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড